৮২ টাকার স্থলে ৪৫ টাকার রড ব্যবহার!

মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণে নিম্মমানের সামগ্রী দিয়ে কাজ করায় ক্ষুব্ধ হয়ে ঠিকাদারি প্রতিষ্ঠানকে নোটিশ করেছে গণপূর্তের খুলনা বিভাগীয় অফিস।

১৪ কোটি ২৬ লাখ ৩৪ হাজার ৩৯০ টাকা ব্যায়ে মেহেরপুর জেলা মডেল মসজিদ নির্মাণ কাজের ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে কাজ পেয়েছেন এন হোসেন শামীম (জেভি), মিশন পাড়া, পুরাতন কসবা, যশোর। প্রতিষ্ঠানটি মডেল মসজিদ নির্মাণের শুরু থেকেই সিডিউল বহির্ভূত নির্মাণ কাজ করছে। আগামি দেড় বছরের মধ্যে কাজটি শেষ হওয়ার কথা রয়েছে।

অভিযোগ রয়েছে ঠিকাদার এন হোসেন শামিম মেহেরপুর গণপূর্ত প্রকৌশলী মোহা. জাকির হোসেনের আত্মিয়। তার যোগসাজশেই তিনি ঠিকাদার হিসেবে কাজটি পেয়েছেন।

গণপূর্ত অধিদপ্তরের খুলনা জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী প্রদীপ কুমার বসু গত ২০ সেপ্টেম্বর মডেল মসজিদ নির্মাণ কাজ সরেজমিনে পরিদর্শনে নানা ধরণের অনিয়ম দেখতে পান। তিনি কাজের দৃশ্যমান কিছু ত্রুটি-বিচ্যুতি অসঙ্গতি উল্লেখ করে সিডিউল মোতাবেক কাজ করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে লিখিত নির্দেশও দিয়েছেন। এরপরেও সিডিউল বহির্ভূত নি¤œমানের সামগ্রি দিয়ে নির্মানকাজ করা হচ্ছে। যেভাবে নির্মাণ কাজ করা হচ্ছে তাতে নির্মাণ পরবর্তী ফ্লোর ফেটে যাওয়াসহ অনাকাংক্ষিত ঘটনা ঘটতে পারে। এমন আশংকা গণপূর্ত বিভাগের বিভাগীয় প্রকৌশলীদের।

গণপূর্তের খুলনা বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলীর লিখিত নির্দেশে উল্লেখ করা হয়েছে, নির্মাণাধীন জেলা সদর মডেল মসজিদের একদিক থেকে কলামের বেইজ ঢালাই করা হচ্ছে অন্যদিকে একবারে ৮-১০ ফুট উচ্চতার ভিতর মাটি ফেলা হচ্ছে । স্পেসিফিকেশন অনুযায়ী ৬ ইঞ্চি লেয়ারে কম্প্যাকশন করার কথা থাকলেও সেই অনুযায়ী কাজ করা হচ্ছে না । এতে করে ফ্লোর ফেটে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তাই সমস্ত মাটি তুলে স্পেসিফিকেশন অনুযায়ী পুনরায় মাটি ভরাট করে সঠিক নিয়মে কাজ করার নির্দেশ দিয়েছেন। কাজের সাইটে ব্যবহৃত নির্মাণ

রক্ত পরীক্ষা করে সাধারণ জ্বরকে করা হলো ডেঙ্গু ও টাইফয়েড

মেহেরপুরের গাংনী হাসপাতাল বাজারের অবস্থিত মোল্লা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারের ভুল প্রতিবেদনে বিপাকে পড়ে আর্থিক ভাবে হয়রানির শিকার হয়েছেন কুতুব আলী (৩৫) নামের এক রোগী। সাধারণ জ্বরকে ডেঙ্গু ও টাইফয়েড হয়েছে এমন ভুল প্রতিবেদন দিয়ে রোগীকে জরুরি ভাবে কুষ্টিয়ায় পাঠিয়ে আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ করেছেন এমন অভিযোগ রোগীর।

ক্ষতিগ্রস্থ রোগী কুতুব আলী গাংনী উপজেলার জুগীন্দা গ্রামের প্রাইমারী স্কুল পাড়ার রেজাউল হকের ছেলে। কুতুব আলী জানান, গত ৩ অক্টোবর রাতে আমার হঠাৎ জ্বর আসে। পর দিন সকাল ১০টার সময় গাংনী উপজেলা স্বাহ্য কমপ্লেক্ ্ের চিকিৎসার জন্য যায়। জুরুরী বিভাগে কর্মরত চিকিৎসক আমাকে পরীক্ষা নিরীক্ষা করে রক্ত ও প্রসাব পরীক্ষা করিবার জন্য বললে মোল্লা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারে গিয়ে সেখানে রক্ত পরীক্ষা করি। মোল্লা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারের মালিক ডা: মশিয়ার রহমান মোল্লা, প্রতিবেদন দিয়ে বলেন আপনার ডেগুু ও টাইফয়েড হয়েছে যত তাড়াতাড়ি পারেন কুষ্টিয়া সরকারী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নেন। তা না হলে বড় ধরনের সমস্যা হতে পারে।

রোগীর বাবা রেজাউল হক অভিযোগ করে জানান, ছেলেকে বাঁচানোর জন্য এ্যাম্বুলেস ভাড়া করে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তির করি। সেখানে কর্মরত চিকিৎসক কুতুব আলী রক্ত পরীক্ষা করিতে দেন। কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালের ল্যাবে রক্ত পরীক্ষা করা হয়। রিপোর্ট দেখার পরে চিকিৎসক বলেন আপনার ছেলের ডেগুু ও টাইফয়েড হয়নি। এটা সাধরন জ্বর কয়েক দিন চিকিৎসা নিলে ভালো হয়ে যাবে। তবে গাংনী মোল্লা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারের রিপোট সর্ম্পন ভুল ছিলো। যে কারনে ২০-২৫হাজার টাকা অতিরিক্ত খরচ করতে হয়েছে।

ধানখোলা ইউনিয়নের ৮নং ওয়ার্ড সদস্য জাফর আলী জানান, কুতুব আলী আমার ওয়ার্ডের বাসিন্দা। সে পেশায় দিনমুজুর। মোল্লা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারের তার চিকিৎসার ভুল রিপোট দেওয়া কারনে ভয়ে পড়ে অনেক গুলো টাকা খরচ করতে হয়েছে, তার পরিবারের জন্য এটি এক ধরনের বড় বোঝা।

এ বিষয়ে ডা: মশিয়ার রহমান মোল্লার সাথে যোগাযোগ করার চেষ্টা করলে তিনি মোবাইল ফোন রিসিভ করেননি।
গাংনী উপজেলা স্বাহ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মাহাবুবুর রহমান জানান, গাংনীতে সব ডায়াগনস্টিক সেন্টারের ডেগুু পরীক্ষা হয় না। এটা সাধারন রোগিদের জানা নেই তাই ডায়গনস্টিক সেন্টার গুলো রোগীদের সাথে প্রতারণা করছে। অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

- আল-আমীন,গাংনী

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় স্বাস্থ্য সহকারিদের আনন্দ র্যালি

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ কর্তৃক “ভ্যাকসিন হিরো” সম্মানে ভূষিত হওয়ায় বাংলাদেশ হেলথ এসিস্ট্যান্ট অ্যাসোসিয়েশনের উদ্যোগে আনন্দ র্যালী বের করা হয়।
বৃহস্পতিবার দুপুরে র্যালীটি মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে জেলা প্রশাসক কার্যালয় চত্ত্বরে গিয়ে শেষ হয়।
হেলথ এসিস্ট্যান্ট অ্যাসোসিয়েশনের সভাপতি তোজাম্মেল হোসেন এর নেতৃত্বে জেলা প্রশাসক মোঃ আতাউল গণিকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
এ সময় সেখানে সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, উপজেলা সভাপতি আব্দুল মালেক, উপজেলা সভাপতি আব্দুল মালেক, সাধারণ সম্পাদক নুরুল ইসলাম, আশরাফুল ইসলাম, মাসুদ রানা, রাসেল হোসেন, আবু সাঈদ

প্রমুখ উপস্থিত ছিলেন।
চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ কর্তৃক ‘ভ্যাকসিন হিরো’ সম্মানে ভূষিত হওয়ায় চুয়াডাঙ্গায় আনন্দ র্যালি ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার বিকালে এ কর্মসূচির আয়োজন করে বাংলাদেশ স্বাস্থ্য সহকারি অ্যাসোসিয়েশন। চুয়াডাঙ্গা সদর হাসপাতাল এলাকা থেকে এক আনন্দ র্যালি শহর প্রদক্ষিণ শেষে শহরের শহীদ হাসান চত্বরে পথসভা করে। এতে বক্তব্য রাখেন বাংলাদেশ স্বাস্থ্য সহকারি অ্যাসোসিয়েশনের সভাপতি আনিসুজ্জামান মালিক, সাধারণ সম্পাদক হাবিবুল হাসান প্রিন্সসহ অন্যরা।

- প্রতিদিন ডেস্ক :

গাংনীতে বুয়েট ছাত্র আবরার হত্যার প্রতিবাদে ছাত্রলীগের শোক র্যালি

বুয়েট ছাত্র আবরাব হত্যার প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে গাংনীতে শোক র্যালি করেছে ছাত্রলীগের নেতা কর্মীরা। বৃহস্পতিবার দুপুর ১২ টায় গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ থেকে গাংনী পৌর ছাত্রলীগের নেতাকর্মীরা এ শোক র্যালি বের হয়ে গাংনী বাজার বাস স্টান্ডে গিয়ে শেষ হয়।

পরে সেখানে এক পথসভার আয়োজন করা হয়। গাংনী পৌর ছাত্রলীগের সাধারন সম্পাদক ওয়ালিদ আল যাবির প্লাবনের সভাপতিত্বে ও গাংনী উপজেলা ছাত্রলীগের যুগ্ন সাধারন সম্পাদক আসিফ ইকবাল অনিকের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি ফিরোজ আহমেদ ও সাংগঠনিক সম্পাদক সাইফ হাসান কৌশিক।

এ সময় অন্যান্যদের মাধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা সহ-সভাপতি হুমায়ন কবির লিখন, সহ-সভাপতি সাইদ আনোয়ার জয়, ছাত্রবৃত্তি সম্পাদক হিরোক খান, উপজেলা বঙ্গবন্ধু ছাত্রফেডারেশনের সভাপতি

জামিরুল ইসলাম,সাধারন সম্পাদক তুহিন রেজা প্রমুখ।
— নিজম্ব প্রতিনিধি

মেহেরপুরে অবৈধ যানবাহনের বিরুদ্ধে ট্রাফিক পুলিশের অভিযান শুরু

মেহেরপুর ও গাংনীতে অবৈধ যানবাহনের বিরুদ্ধে ট্রাফিক পুলিশের অভিযান শুরু হয়েছে গত দুই দিনে মেহেরপুর ও গাংনীতে অভিযান চালিয়ে অর্ধশতাধিক অবৈধ যানবাহন আটক করেছে।

বৃহস্পতিবার সকাল থেকে শুরু করে বিকাল পর্যন্ত পরিচালিত অভিযানে মটরসাইকেল,আলমসাদু আটক করা হয়। সেই সাথে বিভিন্ন পরিবহনে ব্যাবহৃত মানুষের চোখের জন্য মারাত্বক ক্ষতিকারক এলইডি লাইট ভেঙ্গে দেয়া হয়। এসকল এলইডি লাইট অপসারণ ও অবৈধ নসিমন,করিমন ও আলমসাদু আটক অভিযানে ট্রাফিক পুলিশকে সাধুবাদ জানিয়েছে পথচারীসহ এলাকাবাসী। অবৈধ যানবাহন চলাচল বন্ধ করা হলে সড়ক দুর্ঘটনা কমবে বলে মনে করছেন সড়ক দুর্ঘটনায় আহত হওয়া অনেকেই।

অভিযান পরিচালনা করেন টিএসআই গোলাম মোস্তবা,টিএসআই মুস্তাফিজুর রহমান,ট্রাফিক সার্জেন্ট নাজমুল হকসহ ট্রাফিক পুলিশের সদস্যরা ।
- নিজম্ব প্রতিনিধি

মেহেরপুরে পাটবীজ চাষীদের

[redacted]

[redacted]

[redacted]

[redacted]
– [redacted]

[redacted]

[redacted]

[redacted]
– [redacted]

মেহেরপুরে এনসিটিএফ এর সম্মেলন অনুষ্ঠিত

মেহেরপুর এনসিটিএফ এর উদ্যোগে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সহযোগিতায় সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে এনসিটিএফ এর সদস্যরা ২০২০ সালে মেহেরপুরে কি কি কাজ করবে তার বার্ষিক পরিকল্পনা প্রনয়ন করা হয়। বৃহস্পতিবার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সভা কক্ষে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনের শুরুতে কোরআন থেকে তেলাওয়াত করে এনসিটিএফ সদস্য শিমুল বিশ্বাস, স্বাগত বক্তব্য রাখেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির প্রজেক্ট অফিসার সাইফুল ইসলাম, পলাশীপাড়া ও এনসিটিএফ এর বর্তমান প্রেক্ষাপট ও ভবিষ্যৎ নিয়ে বক্তব্য রাখেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মোশাররফ হোসেন।

তিনি বলেন, মেহেরপুরে সেভ দ্য চিলড্রেন যেভাবে সকল ইউনিয়ন উপজেলা এবং জেলা পর্যায়ের এনসিটিএফ কে সহযোগিতা করেছেন সেভ দ্য চিলড্রেন মেহেরপুর থেকে চলেগেলেও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি সেইভাবে এনসিটিএফ কে সহযোগিতা করবে।
সেভ দ্য চিলড্রেন মেহেরপুর এনসিটিএফ এর সাথে কি কি কাজ করেছেন তা নিয়ে আলোচনা করেন সেভ দ্য চিলড্রেনের ডেপুটি ম্যানেজার হাবিবুর রহমান।

এ ছাড়াও বক্তব্য রাখেন মেহেরপুর জেলা এনসিটিএফ এর সভাপতি এস এম মেহেরাব হোসেন, সাধারণ সম্পাদক ফারিয়া আফরিন এলিসা। এনসিটিএফ এর সদস্যরা গ্রুপ ওয়ার্কের মাধ্যমে ২০২০ সালে ইউনিয়ন, পৌরসভা, উপজেলা ও জেলা পর্যায়ে কি কি কাজ করবে তার বার্ষিক পরিকল্পনা করে ও সকলের সামনে তা উপস্থাপনা করেন।
— নিজম্ব প্রতিনিধি

মেহেরপুরে ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ভবন্দপুর আশরাফপুর একাদশ জয়ী

মেহেরপুর সদর উপজেলা মোমিনপুর ডায়মন্ড ক্লাবের উদ্যোগে মোমিনপুর মাঠে অনুষ্ঠিত ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ভবন্দপুর আশরাফপুর একাদশ জয়লাভ করেছে।

বৃহস্পতিবার অনুষ্ঠিত খেলায় ভবন্দপুর আশরাফপুর একাদশ ২-০ গোলে বামুন্দী একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের খাদেমুল ও সুবেল ১টি করে গোল করেন। খেলায় খাদেমুল সেরা খেলোয়াড় নির্বাচিত হন।

খেলা শেষে জেলা পরিষদের সদস্য রকিবুল ইসলাম পুরস্কার বিতরণ করেন । এসময় মোমিনপুর ডায়মন্ড ক্লাবের সভাপতি জয়নাল আবেদীন, সম্পাদক রিপন, এসআই আব্বাস আলী, ইউপি সদস্য আরমান আলী উপস্থিত ছিলেন।
— নিজম্ব প্রতিনিধি

মুজিবনগরে বসত ঘরে আগুন লেগে নিঃস্ব মল্লিক শেখ

মুজিবনগর উপজেলার সোনাপুর মাঝপাড়া গ্রামের মৃতঃ হোসেন শেখের ছেলে মল্লিক শেখ (৭০)। একটা হাত প্রতিবন্ধি তার।ঠিকমত কাজও করতে পারে না।ছেলারা সবাই আলাদা হয়ে নিজের নিয়ে ব্যাস্ত।মজিদ শেখ ও তার স্ত্রী মাঠ কুড়িয়ে তাদের সংসার চালায়। মাঠে যেয়ে ধান,গম, ভ্ট্টূা, পেয়াজ কুড়িয়ে নিয়ে এসে সেগুলো বিক্রি করে চলে তাদের সংসার। সরকারী খাস জমিতে একটা ছোট কুড়ে ঘর করে বসবাস করতো তারা। তাদের ঘরের সাথেই একটি ছোট ছাগলের ঘর।

প্রতিদিনের ন্যায় বুধবার সন্ধার আগে তিনি ছাগলের কাছে সাজাল দিতে যায়। সাজাল দেওয়ার সময় আগুনের ফুলকি উড়ে কোন ভাবে ঘরের পাশে

রাখা পাটখড়িতে লেগে যায়। তার কয়েক মিনিটের মধ্যেই আগুনের লেলিহান শিখা পুড়ো ঘরে লেগে গেলে ভয়াভহ অগ্নিকান্ডের ঘটনা ঘটে । গ্রামের মানুষ একত্রিত হয়ে ঘন্টা ব্যাপী পানি ঢেলে আগুন নিয়ন্ত্রনে আনতে সক্ষম হয়। এর মধ্যে ঘরের ভিতর থাকা সমস্ত মালামাল পুড়ে ছাই হয়ে যায়। আগুনে তার একটি মাত্র ছাগলও মারা যায়।

স্থানীয়রা জানান,মল্লিক শেখ খুব অসহায় একজন মানুষ। স্বামি-স্ত্রী মাঠ কুড়িয়ে ধান,গম, ভ্ট্টূা, পেয়াজ কুড়িয়ে যেটুকু পাই। সেগুলো সব বিক্রি করে চলে তাদের সংসার। কিন্তু এমন একটা নির্মম পরিহাস তাদের জন্যে আরো দুঃখ বয়ে আনলো।নিজেরাই ঠিকমত চলতে পারে না। একবেলা খেয়ে একবেলা না খেয়ে দিন কাটাই। কিন্তু একটা ঘর তৈরি করতে তো অনেক টাকার বিষয়। যেখানে ঠিকমত নিজেদের খাবরই জোগার করতে পারে না সেখানে এত টাকা খরচ করে নতুন করে ঘর তৈরি করবে কিভাবে। তবে সরকার থেকে তাদের জন্য যদি সহযোগীতা করা হয় তাহলে হয়তো তারা একটু মাথা গোঁজার ঠাই পাবে।

এ বিষয়ে যোগাযোগ করা হলে বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন বলেন, মল্লিক শেখ যাতে একটা ঘর তৈরি করার জন্য সু্বধিা পায় সে জন্যে আমার ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে তাকে সর্বান্তক সহযোগীতা করবো।
– মুজিবনগর অফিস